

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় অফিস
কসবা, ব্রাহ্মণবাড়িয়া
www.cooperative.kasba.brahmanbaria.gov.bd
ucokasba77@gmail.com

স্মারক নং : ২২০

তারিখ : ২০/০৮/২০

বিষয় : দি কসবা কো-অপারেটিভ কর্পোরেশন লিঃ এর বিদ্যমান ব্যবস্থাপনা কমিটির বিরুদ্ধে সমবায় সমিতি আইনের ২২ ধারায় ব্যবস্থা ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, দি কসবা কো-অপারেটিভ কর্পোরেশন লিঃ এর বিদ্যমান ব্যবস্থাপনা কমিটি বিগত ৩০/০৪/২০২৫ তারিখে কসবা নতুন বাজারস্থ টি আলী কলেজের হল রুমে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের নোটিশ জারী করে।

উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, টি আলী কলেজ মহোদয় মৌখিক নির্দেশনার প্রেক্ষিতে স্থান পরিবর্তন করে ৩০/০৪/২০২৫ তারিখে বিউটি কমিউনিটি সেন্টারে বার্ষিক সাধারণ সভা করা হয়। কিন্তু রেজুলেশনে সভা অনুষ্ঠানের স্থান হিসাবে সমিতির কার্যালয় উল্লেখ করে এ কার্যালয়ে রেজুলেশন দাখিল করা হয়।

ভেন্যু পরিবর্তনের ফলে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের প্রক্রিয়া প্রশ্লবিদ্ধ হয়েছে। কিছু সদস্য মৌখিকভাবে জানিয়েছে যে, ভেন্যু পরিবর্তনের ফলে তারা বার্ষিক সাধারণ সভায় অংশ গ্রহণ করতে ব্যর্থ হয়েছে এবং সভার বিভিন্ন এজেন্ডার উপর আলোচনা ও তাদের মতামত প্রদান করতে ব্যর্থ হয়েছে। এ বিষয়ে আপনার দপ্তরে একটি ডিসপুট মামলা রুজু হয়েছে মর্মে অনুলিপিদৃষ্টে জানা যায়।

নিরীক্ষা রিপোর্ট প্রাপ্তির ৬০(ষাট) দিনের মধ্যে অডিট রিপোর্টে বর্ণিত দোষ ত্রুটি ও অনিয়ম সংশোধন করে অডিট পরিপালনপত্র দাখিলের বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও প্রায় ০৪ (চার) মাস অতিবাহিত হলেও এ কার্যালয়ে দাখিল করা হয়নি।

এমতাবস্থায় সমবায় সমিতি আইনের ৪৭ ধারায় নির্দেশনা মোতাবেক সমবায় সমিতি আইনের ২২ ধারায় দি কসবা কো-অপারেটিভ কর্পোরেশন লিঃ এর বিদ্যমান ব্যবস্থাপনা কমিটির বিরুদ্ধে ব্যবস্থা ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হলো।


উপজেলা সমবায় অফিসার
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

জেলা সমবায় অফিসার
ব্রাহ্মণবাড়িয়া